

শিক্ষানীতি নিয়ে বিতর্কের সুযোগ নেই : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, আলোচনা-ওপান, শিক্ষাবিদ, গবেষকসহ সংশ্লিষ্ট সবার সঙ্গে আলোচনা করে শিক্ষানীতি প্রণয়ন করা হয়েছে। এ নিয়ে বিতর্কের আর কোন সুযোগ নেই বলেও মন্তব্য করেন মন্ত্রী।

শিক্ষামন্ত্রী গতকাল দুপুরে রাজধানীর একটি অতিথিগৃহে ঘোড়েনে শ্রেণীকক্ষ মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহের জন্য চুক্তিসই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। শিক্ষানীতি বিভিন্নসহ বিভিন্ন দাবিতে হেফাজতে ইসলামের আন্দোলনের পরিপ্রেক্ষিতে এ কথা বলেন মন্ত্রী। এর আগে গত শনিবার ঢাকার হেফাজতে ইসলামের ডাকা সমাবেশ থেকে নতুন শিক্ষানীতি বাতিলের দাবি জানানো হয়।

মন্ত্রী বলেন, গতাব্যয়িক শিক্ষা নিয়ে দেশের অগ্রগতি সম্ভব নয়। প্রয়োজন বিপন্নানের শিক্ষা। এ জন্য আমরা শিক্ষাবিদ, গবেষক, আলোচনা-ওপানসহ সবার সঙ্গে আলোচনা করেই শিক্ষানীতি বাস্তবায়ন করেছি। এর আলোকে কুস, কলেজ, মাদ্রাসায় আধুনিক প্রযুক্তিনির্ভর শিক্ষা দেয়া হচ্ছে।

প্রসঙ্গত, দেশের ২০ হাজার ৫০০ কুসে মাল্টিমিডিয়া ক্লাসরুম চালুর লক্ষ্যে প্রজেক্টর সরবরাহের জন্য এ চুক্তি সই হয়।

শিক্ষামন্ত্রী বলেন, আমরা হেলেনেরেসের আধুনিক শিক্ষা দিতে ডিজিটাল ক্লাসরুম চালু করেছি। বিনামূল্যে আছে এমন ২০ হাজার ৫০০ কুসে প্রয়োজনীয় ডিজিটাল সামগ্রী দেয়া হচ্ছে। ইতোমধ্যে ল্যাপটপ, মডেম, স্ক্রিনকার সরবরাহ করা হয়েছে। এই চুক্তির মাধ্যমে মাল্টিমিডিয়া প্রজেক্টর দেয়ার কাজ সম্পন্ন হবে। তিনি আরও বলেন, গ্রান ও শহরের বৈষম্য না করে এই ডিজিটাল শ্রেণীকক্ষ চালু হচ্ছে।

ডিজিটাল শ্রেণীকক্ষের সুবিধা কুসে ধরে নূরুল ইসলাম নাহিদ বলেন, এতে আর আগের মতো ক্লাসরোমে লিখতে হবে না। প্রজেক্টরের মাধ্যমেই শিক্ষার্থীদের পাঠদান সম্ভব হবে। এ জন্য ১২ হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

চুক্তিসই অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা সচিব কামাল আবদুল নাসের চৌধুরী, অতিরিক্ত শিক্ষা সচিব (উন্নয়ন) ইকবাল বান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা বাতুন প্রমুখ।